কুড়িগ্রামের ডিসিকে প্রত্যাহার করা হবে: জনপ্রশাসন প্রতিমন্ত্রী

সাংবাদিক আরিফুল ইসলামকে মধ্যরাতে বাড়ি থেকে তুলে নিয়ে নির্যাতন ও সাজা দেয়ার ঘটনায় সংশ্লিষ্টতা পাওয়ায় কুড়িগ্রামের জেলা প্রশাসক সুলতানা পারভীনকে প্রত্যাহার করা হচ্ছে। তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থাও নেয়া হবে বলে জানিয়েছেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন।

রোববার দুপুরে সচিবালয়ে সংবাদ ব্রিফিংয়ে তিনি এ তথ্য জানান।

জনপ্রশাসন প্রতিমন্ত্রী জানান, স্থানীয় প্রশাসনের মাধ্যমে ওই ঘটনার তদন্ত করিয়েছি। এতে ডিসির বিরুদ্ধে অভিযোগের সত্যতা পাওয়া গেছে। তাকে প্রত্যাহার করা হবে। এর পর তার বিরুদ্ধে বিভাগীয় মামলা হবে। কর্ম অনুযায়ী তার শাস্তি হবে।

জনপ্রশাসন মন্ত্রণালয়ের মন্ত্রীর দায়িত্বে আছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি সংশ্লিষ্ট ফাইল অনুমোদন করলে ডিসিকে প্রত্যাহারের আদেশ জারি করা হবে বলে জানান প্রতিমন্ত্রী ফরহাদ।

‘তদন্তে অনেক অনিয়ম দেখেছি। বিভাগীয় প্রক্রিয়া অনুযায়ী ব্যবস্থা নেয়া হবে। অহেতুক সেখানে যে সমস্যা সৃষ্টি হয়েছে, তার সত্যতা পেয়েছি; বিধায় ডিসির বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা নেয়া হবে’-যোগ করেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী। সূত্র- যুগান্তর

শুক্রবার মধ্যরাতে কুড়িগ্রামের সাংবাদিক আরিফুল ইসলামকে বাড়ি থেকে তুলে আনেন জেলা প্রশাসকের নির্বাহী ম্যাজিস্ট্রেট রিন্টু বিকাশ চাকমার নেতৃত্বে কয়েকজন ম্যাজিস্ট্রেট। তাকে এক বছরের বিনাশ্রম কারাদণ্ড দেন ভ্রাম্যমাণ আদালত। কুড়িগ্রাম জেলা প্রশাসনের পক্ষ থেকে দাবি করা হয়, মাদকবিরোধী অভিযানে তাকে গ্রেফতার করা হয়েছে। তার কাছ থেকে ৪৫০ গ্রাম দেশি মদ ও ১০০ গ্রাম গাঁজা উদ্ধার করা হয়েছে।

তবে সাংবাদিক আরিফের স্ত্রী মোস্তারিমা সরদারের অভিযোগ, শুক্রবার রাত ১২টার দিকে একদল লোক দরজা ভেঙে হুড়মুড় করে ঘরে

ঢুকে ‘তুই খুব জ্বালাচ্ছিস’ বলে আরিফুলকে পেটাতে থাকে। এ সময় তাকেও গালাগাল করা হয়। একপর্যায়ে কয়েকজন মিলে টেনেহিঁচড়ে আরিফকে তুলে নিয়ে যায়। তাকে জামাও পরতে দেয়া হয়নি। সকালে তিনি জানতে পারেন, জেলা প্রশাসকের কার্যালয়ে নিয়ে আরেক দফা মারধরের পর সাজানো অভিযোগে আরিফুলকে কারাদণ্ড দেয়া হয়েছে।

এ ঘটনা সামাজিক যোগাযোগমাধ্যমে সমালোচনার ঝড় ওঠে। পরে শনিবার মন্ত্রিপরিষদ বিভাগ রংপুর বিভাগীয় কমিশনারকে ঘটনা তদন্ত করে প্রতিবেদন দাখিলের নির্দেশ দেয়। রংপুরের বিভাগীয় কমিশনার কেএম তারিকুল ইসলাম তদন্তের দায়িত্ব দেন অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব) আবু তাহের মো. মাসুদ রানাকে।

এ বিষয়ে জনপ্রশাসন প্রতিমন্ত্রী রোববার সকালে জানিয়েছিলেন, বিভাগীয় প্রতিবেদনটা আমাদের কাছে আসবে। সেটি যাচাই করে একটি সিদ্ধান্ত হয়ে যাবে ইনশাআল্লাহ। একটা পদক্ষেপ আমরা নেব। দুপুরের পর হয়তো যে সিদ্ধান্ত নেয়ার আমরা নিতে পারব।

স্থানীয়রা জানান, কুড়িগ্রামের জেলা প্রশাসক সুলতানা পারভীন একটি পুকুর সংস্কার করে নিজের নামে নামকরণ করতে চেয়েছিলেন। এ বিষয়ে নিউজ করার পর থেকেই ডিসি আরিফের ওপর ক্ষুব্ধ ছিলেন।

বিসিএস ২০তম ব্যাচের কর্মকর্তা সুলতানা ২০১৮ সালের ৩ মার্চ কুড়িগ্রাম জেলার ডিসির দায়িত্ব নেন।

এদিকে কুড়িগ্রামের অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট মো. সুজাউদ্দৌলা রোববার সাংবাদিক রিগানের জামিন মঞ্জুর করেছেন। জেলা প্রশাসনের ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে তাকে কারাদণ্ড দেয়ার বৈধতা চ্যালেঞ্জ করে হাইকোর্টে একটি রিট আবেদনও হয়েছে।

কুড়িগ্রামের ডিসির বিষয়ে সিদ্ধান্ত দুপুরের পর:

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

সিদ্ধান্ত নেয়ার আমরা নিতে পারব।

তিনি বলেন, লিখিত প্রতিবেদনটা গতকাল রাতেই ঢাকায় চলে আসার কথা, না এলেও হয়তো সকাল সকাল চলে আসবে।

প্রতিমন্ত্রী বলেন, সাংবাদিক আরিফকে তুলে আনা কিংবা সাজা দেয়ার ক্ষেত্রে আইনের কোনো ব্যত্যয় ঘটে থাকলে বিষয়গুলো জাস্ট দেখে আমরা সিদ্ধান্ত নেব।

স্থানীয়রা জানান, কুড়িগ্রামের জেলা প্রশাসক সুলতানা পারভীন একটি পুকুর সংস্কার করে নিজের নামে নামকরণ করতে চেয়েছিলেন। এ বিষয়ে নিউজ করার পর থেকেই ডিসি আরিফের ওপর ক্ষুব্ধ ছিলেন।

সুত্র-যুগান্তর

করোনা নিয়ে বিএনপির প্রশ্ন তোলা হাস্যকর: ওবায়দুল কাদের

আওয়ামী লীগ সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, করোনাভাইরাস পরিস্থিতি নিয়ে বিএনপির প্রশ্ন তোলা হাস্যকর।

তিনি বলেন, বিএনপি লুটপাটের জন্য ক্ষমতায় যাওয়ার চক্রান্ত করছে। তারা মুজিববর্ষ বাতিল করতে চেয়েছিল। এখন করোনা পরিস্থিতি নিয়ে সমালোচনা করছে।

রাজধানীর ধানমণ্ডিতে শুক্রবার সকালে আওয়ামী লীগ সভাপতির রাজনৈতিক কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন।

এ সময় ঢাকা মহানগর আওয়ামী লীগ উত্তর ও দক্ষিণের সভাপতি-সাধারণ সম্পাদক, যুবলীগের চেয়ারম্যান, স্বেচ্ছাসেবক লীগের সভাপতি, মহিলা আওয়ামী লীগের সভাপতি-সাধারণ সম্পাদকের হাতে প্রচারপত্র হস্তান্তর করেন ওবায়দুল কাদের।

শরীয়তপুরে বিদেশফেরত ১৬২ জন ‘হোম কোয়ারেন্টাইনে’

করোনাভাইরাসে আক্রান্ত কিনা জানার জন্য ১৬২ জন প্রবাসীকে স্বেচ্ছায় হোম কোয়ারেন্টাইনে রাখা হয়েছে।
তাদের প্রত্যেককে ১৪দিন বাড়িতে একা একা বসবাস করার নির্দেশ দিয়েছে শরীয়তপুর স্বাস্থ্য বিভাগ।

শুক্রবার শরীয়তপুর সিভিল সার্জন অফিসের মেডিকেল অফিসার ডা. আবদুর রশিদ জানান, ‘করোনা রোগী শনাক্তকরণের লক্ষ্যে বিদেশফেরত ১৬২ জন প্রবাসীকে হোম কোয়ারেন্টাইনে থাকার নির্দেশ দেয়া হয়েছে। তাদের ওপর নিবিড় পর্যবেক্ষণ রাখা হবে। ’

তিনি জানান, কোয়ারেন্টাইনে যাওয়া এসব প্রবাসীদের মধ্যে মরিশাস, কাতার, কুয়েত, জর্দান, ওমান, মালদ্বীপ, দ. আফ্রিকা, বাহরাইন, ফ্রান্স,ইতালী, সৌদি আরব, ব্রনাই, মালয়েশিয়া, দুবাই, গ্রীস, ও সিঙ্গাপুর ফেরত যাত্রী রয়েছে।

জানা গেছে, করোনা রোগী চিকিৎসার প্রস্তুতি হিসেবে শরিয়তপুরের বিভিন্ন হাসপাতাল ও প্রাইভেট ক্লিনিকে আইসোলেশন রুম প্রস্তুতসহ র্যাপিড রেসপন্স টিম গঠন করা হয়েছে। জেলা স্বাস্থ্য বিভাগ ইতোমধ্যে জেলার ৬টি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও সদর হাসপাতালসহ বিভিন্ন বেসরকারি হাসপাতালে একটি রুমে ৫টি সিট, শরীয়তপুর সদর হাসপাতালে ৫টি সিটসহ একটি করে রুমে প্রস্তুত রাখা হয়েছে।

এছাড়া প্রাইভেট হাসপাতালগুলোতে ১টি আইসোলেশন রুম প্রস্তুত রাখার নির্দেশনা দেয়া হয়েছে। এ পর্যন্ত শরিয়তপুরে কোনো করোনা রোগী শনাক্ত হয়নি। করোনাভাইরাস থেকে সতর্ক থাকার জন্য পপলিন কাপড়ের তৈরি তিন লেয়ারের মাকস ব্যবহারের জন্য পরামর্শ দেয়া হয়েছে। জেলা স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে জনসচেতনার জন্য

ইতিমধ্যে লিফলেট বিতরন করা হয়েছে।

সুত্র-যুগান্তর

ফখরুল সাহেব, একটু পড়াশোনা করুন: হাছান মাহমুদ

করোনাভাইরাস নিয়ে বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরকে পড়াশোনা করতে বলেছেন আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক ও তথ্যমন্ত্রী ড. হাছান মাহমুদ।

বুধবার দুপুরে রাজধানীর ধানমণ্ডিতে আওয়ামী লীগ সভাপতির রাজনৈতিক কার্যালয়ে নাটোর জেলা আওয়ামী লীগের নেতাদের সঙ্গে সভা শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ কথা বলেন।

‘বিএনপি করোনাভাইরাস নিয়ে সরকারকে দোষারোপ করছে’- এমন মন্তব্যের জবাবে হাছান মাহমুদ বলেন, ‘বিএনপির কাজ হচ্ছে সমালোচনা করা। বিএনপি করোনাভাইরাস নিয়ে জনগণের জন্য কি করছে? তারা শুধুমাত্র ভুল খুঁজে বেড়ানোর রাজনীতিটা করছে। আর মির্জা ফখরুল ইসলাম আলমগীর সাহেবকে বলব, এ ব্যাপারে একটু পড়াশোনা করুন। কারণ করোনাভাইরাসে আক্রান্তকে সঙ্গে সঙ্গে শনাক্ত করা সম্ভব হয় না। ’

তিনি বলেন, ‘যুক্তরাষ্ট্র, ফ্রান্স, সিঙ্গাপুর, ইটালি কারিগরি এবং মেডিকেল সায়েন্সের দিক দিয়ে অনেক বেশি উন্নত এবং সমৃদ্ধ। অর্থনৈতিক সক্ষমতাও আমাদের চেয়ে অনেক বেশি। সব প্রস্তুতি নেয়া সত্ত্বেও তারা করোনাভাইরাস ঠেকাতে পারেনি। আমাদের সরকার সময়োচিত সঠিক ব্যবস্থা গ্রহণ করার কারণে ১০০টি দেশ আক্রান্ত হওয়ার পর আমাদের দেশ আক্রান্ত হয়েছে। মাত্র ৩ জন আক্রান্ত রোগী পাওয়া গেছে। আজকে এই বৈশ্বিক দুর্যোগের সময় রাজনৈতিক বাদানুবাদ না করে বরং সবাই একযোগে ঐক্যবদ্ধভাবে কাজ করা প্রয়োজন।’

তিনি বলেন, ‘দলের পোড় খাওয়া নেতাকর্মীরাই দলের নেতৃত্বে থাকবেন।

আওয়ামী লীগ গণমানুষের দল। সবাই এ দল করতে পারেন। সমর্থন করতে পারেন। কিন্তু সবাই এই দলের নেতৃত্বে আসতে পারেন না। নেতৃত্বে তারাই আসবেন, যারা দল এবং জননেত্রী শেখ হাসিনার প্রতি অবিচল আস্থাশীল। যারা দলের সুসময় এবং দুঃসময় সব সময়ে দলের জন্য অবিচল কাজ করবেন।’

তথ্যমন্ত্রী বলেন, ‘মাননীয় প্রধানমন্ত্রী জনস্বার্থের কথা বিবেচনা করে মুজিববর্ষের জনসমাগম সম্পৃক্ত কর্মসূচিগুলো স্থগিত করেছেন। তবে বাতিল করা হয়নি। আমরা কর্মসূচি পুনর্বিন্যাস করতে যাচ্ছি।’

সভায় আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক এসএম কামাল হোসেন, নাটোর জেলার আওয়ামী লীগ সভাপতি আবদুল কুদ্দুস এমপি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক এমপি, শফিকুল ইসলাম শিমুল এমপি, দলের উপ-দফতর সম্পাদক সায়েম খানসহ নাটোর জেলার আওয়ামী লীগের নেতারা যোগ দেন।

সুত্র-যুগান্তর

এবার আলোচনায় খুলনার শ্রমিক লীগ নেত্রী সাদিয়া

সোনা চোরাচালান সিন্ডিকেটের হোতা
* টাকার জোরে কেন্দ্র থেকে বাগিয়েছিলেন পদ
* স্বামী পলাতক, আয় নিয়ে সন্দেহ পুলিশের

শ্রমিক লীগ নেত্রী সাদিয়া আক্তার মুক্তা (৩২) এখন ‘টক অব দ্য খুলনা’। স্থানীয় আওয়ামী লীগকে পাত্তা না দিয়ে কেন্দ্র থেকে খুলনা মহানগর মহিলা শ্রমিক লীগের সাধারণ সম্পাদকের পদটি বাগিয়ে নিয়েছিলেন। তবে নানা অভিযোগের পরিপ্রেক্ষিতে ৩১ জুলাই তাকে বহিষ্কার করা হয়।

সম্প্রতি খুলনা মেট্রোপলিটন পুলিশের একটি বিশেষ টিম বিভিন্ন

পরিবার বা দলের কথায় খালেদা জিয়ার মুক্তি হবে না: ওবায়দুল কাদের

পরিবার বা দলের নেতাদের কথায় কারাবন্দি বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার মুক্তি হবে না বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের।

মঙ্গলবার আওয়ামী লীগ সভাপতি প্রধানমন্ত্রী শেখ হাসিনার ধানমণ্ডির রাজনৈতিক কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে খালেদা জিয়ার মুক্তি চেয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে করা আবেদনের বিষয়ে সাংবাদিকরা দৃষ্টি আকর্ষণ করলে তিনি এ মন্তব্য করেন।

ওবায়দুল কাদের বলেন, যদি চিকিৎসকরা খালেদা জিয়ার চিকিৎসার প্রয়োজনে কোনো সুপারিশ করেন, তবেই খালেদা জিয়ার মুক্তির বিষয়টি বিবেচনাযোগ্য।

তিনি বলেন, খালেদা জিয়া দণ্ডিত হয়ে কারাগারে আছেন। যেহেতু মানবিক কারণ বা চিকিৎসার জন্য খালেদা জিয়ার জামিন আবেদন আদালত একাধিকবার নাকচ করে দিয়েছেন, তাই পরিবারের আবেদনে বা মানবিক কারণে খালেদা জিয়াকে মুক্তি দেয়ার সুযোগ নেই।

দল ও পরিবারের কথায় খালেদা জিয়ার জামিন বা মুক্তির সুযোগ নেই মন্তব্য করে সেতুমন্ত্রী আরও বলেন, খালেদা জিয়ার বিদেশে চিকিৎসা প্রয়োজন এ কথা শুধু তার দলের নেতা ও পরিবারের লোকজন বলছেন। তার চিকিৎসায় নিয়োজিত চিকিৎসকরা সে কথা বলছেন না। সুতরাং স্বভাবতই তার জামিন বা মুক্তির কোনো সুযোগ নেই।

সুত্র-যুগান্তর

[redacted]

[redacted]

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের এখতিয়ারে নয় আদালতে যেতে হবে: খালেদা জিয়ার মুক্তি প্রসঙ্গে স্বরাষ্ট্রমন্ত্রী

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেছেন, খালেদা জিয়াকে মুক্তি দেয়ার বিষয়টি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের এখতিয়ারে নয়। তার মুক্তির জন্য আইনের আশ্রয় নিতে হবে এবং আদালতে যেতে হবে।

সোমবার রাজধানীর আগারগাঁওয়ে হজ বুথ সেবা-২০২০ উদ্বোধনী অনুষ্ঠান শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে মন্ত্রী এসব কথা বলেন।

বাংলাদেশ পাসপোর্ট ও বহির্গমন অধিদফতরের মহাপরিচালক মেজর জেনারেল সাকিল আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মোস্তাফা কামাল উদ্দিন, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা বিভাগের সচিব শহিদুজ্জামান, ধর্ম মন্ত্রণালয়ের সচিব নুরুল ইসলাম প্রমুখ।

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান বলেন, ‘তার (খালেদা জিয়া) পরিবার থেকে একটা আবেদন করেছে। সেই আবেদন অনুযায়ী স্বরাষ্ট্র মন্ত্রণালয় কিন্তু তাকে মুক্তি দেয়ার ক্ষমতা রাখে না। তাকে মুক্তি দিতে হলে আইনের আশ্রয় এবং আদালতে যেতে হবে।

আমরা আইন মন্ত্রণালয়ে সেই চিঠি পাঠিয়ে দিয়েছি মতামতের জন্য। তারাই পরবর্তী ব্যবস্থা নেবেন।’ আইন মন্ত্রণালয় সাংবাদিকদের বলেছে, এ ব্যাপারে সিদ্ধান্ত নেয়ার এখতিয়ার স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের।

এ নিয়ে প্রশ্ন করা হলে মন্ত্রী বলেন, ‘দেখুন আইনের বাইরে তো আইনমন্ত্রী মহোদয় কিছু বলতে পারেন না। আবার আমরাও যেতে পারি না। আমরা যেখানে যা প্রয়োজন, তাই করছি।

তার আবেদনটা আমরা আইনি মতামতের জন্য আইন মন্ত্রণালয়ে পাঠিয়েছি। আবারও বলছি, যা কিছু করতে হয়, এটা বিচারবিভাগীয় ব্যবস্থার

মাধ্যমে হবে, এর বাইরে কিছু হবে না।’

মুজিববর্ষের সার্বিক নিরাপত্তা প্রসঙ্গে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, ‘অনুষ্ঠান সম্পর্কে গতকাল গণভবনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবর্ষ উদযাপন জাতীয় কমিটির সঙ্গে বাস্তবায়ন কমিটির বৈঠক হয়েছে।

জাতীয় কমিটির সভাপতি প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে যেসব সিদ্ধান্ত হয়েছে তা আনুষ্ঠানিকভাবে গণমাধ্যমকে জানানো হয়েছে। ওখানে আমাদের যা যা বলা হয়েছে তাই আমরা অনুসরণ করব। জাতীয় বাস্তবায়ন কমিটি কী কী করবে সব অনুষ্ঠানসূচি আপনাদের তারাই জানাবে।

এখানে আমাদের কিছু বলার নেই।’ তিনি আরও বলেন, আমাদের নিরাপত্তা বাহিনী এবং এই দেশের জনগণ উন্মুখ হয়েছিল তারা এই মুজিববর্ষটা হৃদয় দিয়ে পালন করবে। যে ভাইরাসের কথা বলা হচ্ছে সেটা আমাদের জনগণকে আটকে রাখতে পারবে না।

জনগণ যে যার জায়গা থেকে মুজিববর্ষ পালন করবে। যে কোনো কিছুতে আমাদের নিরাপত্তাবাহিনী সবসময় সজাগ থাকে। এই আনন্দের দিনে কেউ কোনো ধরনের বিব্রতকর পরিস্থিতি সৃষ্টির চেষ্টা আমার মনে হয় করবে না বা সাহস করবে না।

সুত্র-যুগান্তর

কুষ্টিয়ায় কৃত্রিম সংকট সৃষ্টি করে মাস্ক বিক্রি হচ্ছে কয়েক গুণ বেশী দামে!

রবিবার দুপুরে সরকারের রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউট (আইইডিসিআর) বাংলাদেশে তিন জন করোনা ভাইরাসে আক্রান্ত হয়েছে বলে জানানোর পর থেকে বিভিন্ন ঔষধের দোকানে মাস্ক বিক্রয় বেড়েছে।

করে সরকারের রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউটের (আইইডিসিআর) পরিচালক অধ্যাপক ডা. সেবরিনা ফ্লোরা বলেন, এ রোগ ৩০ শতাংশ মানুষ থেকে মানুষে হাঁচি-কাশির মাধ্যমে ছড়ায়। তাই মাস্ক ব্যবহার করা ভালো।

মাস্ক ব্যবহারের বিষয়ে এই বিশেষজ্ঞ চিকিৎসক বলেন, মাস্ক পরে অর্থ অপচয় করার দরকার নেই। এ ভাইরাসে আক্রান্ত হলে বা ধরা পড়লে মাস্ক পরলেই চলবে।

এছাড়া বিশ্ব স্বাস্থ্য সংস্থার নির্দেশনা অনুসারে নিজেকে সর্বদা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে।

মেপ্র/আরপি